

নকল ঠেকাতে গিয়ে কোন শিক্ষক মারা গেলে সর্বোচ্চ মর্যাদা ও ক্ষতিপূরণ

শিক্ষা প্রতিমন্ত্রী

দিনাজপুর থেকে নিজস্ব সংবাদদাতা :
শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক
মিলন, নকল প্রতিরোধে শিক্ষকদের
সাহসিকতার সঙ্গে এগিয়ে আসার আহ্বান
জানান। তিনি শিক্ষকদের উদ্দেশ্যে বলেন,
পরীক্ষায় নকল প্রতিরোধ করতে গিয়ে যদি
কোন শিক্ষকের প্রাণহানি ঘটে তবে সরকার
সেই শিক্ষকের পরিবারকে সর্বোচ্চ মর্যাদা
প্রদান এবং অন্যান্য প্রাণহানির চেয়ে অনেক
বেশি ক্ষতিপূরণ প্রদান করবে।

বুধবার সকাল ১০টায় স্থানীয়
লোকভবনে দিনাজপুর জেলা প্রশাসন
আয়োজিত শিক্ষার গুণগত মানোন্নয়ন ও
নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠান বিষয়ক
মতবিনিময় সভা ও সেমিনার-এ প্রধান
অতিথির ভাষণে শিক্ষা প্রতিমন্ত্রী একথা
বলেন।